



কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-

তারিখ : ২৬/০৪/২০১৮

প্রজ্ঞাপন


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা-১২২, ধারা- ৫৬(১) এর উপ-আইন মোতাবেক পৌর পরিষদের ১৬/০৪/২০১৮ ইং তারিখের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো :

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মো: কামাল হোসেন শেখ	মেয়র	সভাপতি
০২	জনাব এস এম মিজানুর রহমান	কাউন্সিলর, ওয়ার্ড নং-৪	সদস্য
০৩	জনাব সালেহা খানম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২	সদস্য
০৪	জনাব রাবেয়া বেগম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩	সদস্য
০৫	জনাব মো: কামাল হোসেন সরদার	কাউন্সিলর, ওয়ার্ড নং-৩	সদস্য

কমিটির কার্যপরিধিঃ

- ১। পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করা;
- ২। পৌর এলাকার বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড, অপরাধের ধরন, অপরাধীদের চিহ্নিতকরণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের গ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা ;
- ৩। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা।
- ৪। পৌরসভার সম্পদের ক্ষতিসাধন, সম্পদের দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া;
- ৫। পৌরসেবা প্রদান করিতে বাধা দেয়া হলে তাহা প্রতিরোধ করা ;
- ৬। পৌর এলাকায় সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মারাত্মক কলহের সৃষ্টি করিতে পারে বা জনশৃঙ্খলা বিঘ্নিত করিতে পারে এমন আশংকা থাকিলে তাহা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহন এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহন করা। মাদকদ্রব্য নিয়ন্ত্রন করা।
- ৭। অগ্নি নির্বাপন ও প্রতিরোধ, দুর্যোগকালীন সময়ে বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহন এবং নাগরিক সংহতি বজায় রাখার কাজে পৌর পরিষদসহ সকল বিভাগকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;
- ৮। আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধান ও সুষ্ঠু আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখিতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহন করা;
- ৯। ছোট-খাট বিবাদ মিমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহন করা;
- ১০। পৌর এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসনিক) কে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপট করিতে পারিবে।



(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।
তারিখ :

স্মারক নং :- কো:পৌ:/স্থায়ী কমিটি/UGIIP-III/২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। প্রকল্প পরিচালক, UGIIP- UGIIP-III, ঢাকা।
- ২। উপ পরিচালক, RMSU, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৩। প্রাপক : জনাব

সদস্য, আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি,
কোটালীপাড়া পৌরসভা।


(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।